125

দৈনিক ইনকিলাব

তারিখ 31 MAY 1994
পৃষ্ঠা ৭ কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম সমুন্নত রাখতে এগিয়ে আসতে হবে —ভিসি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এমাজ উদ্দীন আহমদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অতীত ও বর্তমান সুনাম সমুন্নত রাখার জন্য এ শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের বিশেষ করে ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশনকে এগিয়ে আসতে হবে। তিনি এ বিশ্ববিদ্যালয়ের সার্বিক অবস্থার উন্নয়নে প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের মধ্যে ঘনিষ্ঠতর যোগাযোগ ও সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করেন। গত ২৭ মে পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় এর প্রধান পৃষ্ঠপোষক হিসেবে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। এলামনাই এসোশিয়েশনের সভাপতি জাতীয় অধ্যাপক ডঃ এম ইন্নাস আলীর সভাপতিত্বে এ সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এসোসিয়েশনের মহাসচিব জনাব মুশফিকুর রহমান, অধ্যাপক মোজাফফর আহমেদ এবং কোষাধ্যক্ষ খন্দকার রুহুল কুদ্দুস।

অধ্যাপক এমাজ উদ্দীন আহমদ তার বক্তৃতায় এলামনাই এসোসিয়েশনকে বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডে আরও ঘনিষ্ঠভাবে জড়িত হওয়ার আহবান জানান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের একটি নিজস্ব ভবন নির্মাণের জন্য বিশ্ববিদ্যালয় এলাকায় এক খণ্ড জমি দেয়ার আশ্বাস প্রদান করেন।